



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

নম্বর ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৮.২০৫

তারিখ ২৬ আষাঢ়, ১৪২৬
১০ জুলাই ২০১৯

সার্কুলার

বিষয়: দরপত্র দলিলে কার্য-সম্পাদন জামানত (Performance Security) এবং অনুমিত রক্ষণযোগ্য অর্থের (Retention Money) পরিমাণ নির্ধারণ সংক্রান্ত

এতদ্বারা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্রয় কার্যের সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কার্য (Works) বা ভৌত সেবা ক্রয়ের চুক্তিতে কার্য-সম্পাদন জামানত (Performance Security) এবং অনুমিত রক্ষণযোগ্য অর্থের (Retention Money) পরিমাণ নির্ধারণের বিষয়ে পিপিআর-২০০৮ এর বিধি ২৭ ও ২৮ প্রয়োজনীয় নির্দেশনা রয়েছে। পিপিআর-২০০৮ এর বিধি ২৭ (১) অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে কার্য ক্রয়ের ক্ষেত্রে অগ্রীম প্রদান করা না হয়ে থাকলে ফ্রন্ট লোডিং এর ক্ষেত্র ব্যতীত কার্য-সম্পাদন জামানত এর পরিমাণ শতকরা ৫-১০ ভাগ(৫%-১০%)। অন্য দিকে অগ্রীম প্রদান করা না হয়ে থাকলে এবং ফ্রন্ট লোডিং এর ক্ষেত্র না থাকলে অনুমিত রক্ষণযোগ্য অর্থ এবং কার্য-সম্পাদন জামানতের সর্বমোট পরিমাণ ১০% এর অধিক হবে না (বিধি ২৮(১))।

২। উপরোক্ত বিধির আলোকে দরপত্র দলিলের (Tender Document) সংশ্লিষ্ট অংশে কার্য-সম্পাদন জামানত এবং অনুমিত রক্ষণযোগ্য অর্থের পরিমাণ উল্লেখ করতে হবে।

৩। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১০-৭-২০১৯

মোঃ মনিরুল ইসলাম
পরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রধান/প্রধান প্রকৌশলী/ অতিঃ প্রধান প্রকৌশলী, _____
- ২) প্রকল্প পরিচালক, _____
- ৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/মুখ্য সম্প্রসারণ কর্মকর্তা,
- ৪) সিএসও টু মহাপরিচালক, , মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (সার্কুলারটি বাপাউবো ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৬) নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক/উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা,
- ৭) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক(পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড